

# শিবচর পৌরসভা কার্যালয়

শিবচর, মাদারীপুর।

## “প্রজ্ঞাপন”

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৫৫ ধারা অনুসরণ পূর্বক এবং ২২/০২/২০১৬খ্রিঃ তারিখের পৌর পরিষদের সিদ্ধান্ত মোতাবেক শিবচর পৌরসভায় নিম্ন বর্ণিত স্থায়ী কমিটি গঠন করা হলো।

### (১২) আইন শৃঙ্খলা ও জন নিরাপত্তা কমিটি :

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব মোঃ আওলাদ হোসেন খান	মেয়র, শিবচর পৌরসভা	সভাপতি
০২	জনাব মোঃ হানিফ খালাসী	কাউন্সিলর, ০৪নং ওয়ার্ড	সদস্য
০৩	জনাব মোঃ আকতার হোসেন খান	কাউন্সিলর, ০১ নং ওয়ার্ড	সদস্য
০৪	জনাব আজিমুন বেগম	কাউন্সিলর, সংরক্ষিত আসন-০২	সদস্য
০৫	জনাব মলি রায়	কাউন্সিলর, সংরক্ষিত আসন-০১	সদস্য

### ২। কমিটির কার্য পরিধিঃ

- ২.১। পৌর এলাকার নাগরিকদের নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষার কাজে পৌর পরিষদসহ পৌরসভার সকল বিভাগকে সক্রিয় করা;
- ২.২। পৌর এলাকার বিভিন্ন অপরাধ কর্মকাণ্ড, অপরাধের ধরণ, অপরাধীদের চিহ্নিতকরণ, অপরাধ প্রতিরোধ এবং অপরাধীদের গ্রেফতারের জন্য পুলিশকে সহযোগিতা করা;
- ২.৩। পৌর এলাকার মধ্যে খারাপ ও সন্দেহভাজন ব্যক্তিদের আনাগোনা সম্পর্কে খবরাখবর রাখা এবং তাহাদের সম্পর্কে পুলিশকে তথ্য সরবরাহ করা;
- ২.৪। পৌরসভার সম্পদের জ্ঞাতিসাধন, সম্পদের দখল, অবৈধ ব্যবহার ইত্যাদি প্রতিরোধে কার্যকর ব্যবস্থা নেয়া;
- ২.৫। পৌরসেবা প্রদান করিতে বাধা দেয়া হবে তাহা প্রতিরোধ করা;
- ২.৬। পৌর এলাকার সকল প্রকার বিরোধ, দাঙ্গা বা মারাত্মক কলহের সৃষ্টি করিতে পারে বা জনশৃঙ্খলা বিঘ্নিত করিতে পারে এমন আশঙ্কা থাকিলে তাহা প্রতিরোধ করার জন্য উদ্যোগ গ্রহণ এবং প্রয়োজনে পুলিশের সহায়তা গ্রহণ করা। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ করা;

- ২.৭। অগ্নি নির্বাপন ও প্রতিরোধ, দূর্যোগকালীন সময়ের বেসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহণ এবং নাগরিক সংহতি বজায় রাখার কাজে পৌর পরিষদসহ সকল বিভাগকে পরামর্শ ও সহায়তা প্রদান করা;
- ২.৮। আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি বিধান ও সুষ্ঠু আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখিতে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা;
- ২.৯। ছোট খাট বিবাদ মীমাংসা জন্য সালিশের ব্যবস্থা গ্রহণ করা;
- ২.১০। পৌর এলাকার সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (প্রশাসনিক) কে বিশেষজ্ঞ সদস্য হিসাবে কো-অপট্ করিতে পারিবে (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য);
- ২.১১। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

(মোঃ আওলাদ হোসেন খান)

মেয়র

শিবচর পৌরসভা  
শিবচর, মাদারীপুর।

স্মারক নং-শিব-পৌর/২০১৬/

তারিখঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, মাদারীপুর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

৩-১২। জনাব..... কাউন্সিলর, (সকল) শিবচর পৌরসভা।

১৩। জনাব ..... (শাখা প্রধান), শিবচর পৌরসভা।

(মোঃ আওলাদ হোসেন খান)

মেয়র

শিবচর পৌরসভা  
শিবচর, মাদারীপুর।